



## ছাত্রশক্তির ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি নাস্টম, সম্পাদক ইমরান



ছবি: সংগৃহীত

জাতীয় ছাত্রশক্তির ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের আংশিক কমিটি ঘোষণা করা হয়েছে। নতুন কমিটিতে ঢাকা মহানগর দক্ষিণের সভাপতির দায়িত্ব পেয়েছেন জুলাই গণ-অভ্যুত্থানে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আন্দোলনের নেতা নাস্টম আবেদীন। সাধারণ সম্পাদক হয়েছেন ইমরান ভূঁইয়া তাসকিন।

জাতীয় ছাত্রশক্তির কেন্দ্রীয় সভাপতি আবু বাকের মজুমদার ও সাধারণ সম্পাদক তাহমিদ আল মুদ্দাসসীর চৌধুরীর সহি করা বিজ্ঞপ্তিতে কমিটি ঘোষণার তথ্য জানানো হয়। আগামী এক বছরের জন্য গঠিত কমিটিকে সাত কর্মদিবসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে।

নাস্টম আবেদীন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী। জুলাই গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে তাঁর রাজনৈতিক পথচলা শুরু হয়। শেখ হাসিনার পতনের পর ২০২৪ সালের আগস্টে তিনি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় অর্গানাইজিং উইংয়ের দায়িত্ব পালন করেন। পরে সংগঠনটির ১৮ সদস্যের কেন্দ্রীয় নির্বাহী কমিটিতে সদস্য হিসেবে যুক্ত হন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন থেকে বেরিয়ে গঠিত বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদের প্রতিষ্ঠাতা সিনিয়র সংগঠক হিসেবেও দায়িত্ব পালন করেন নাস্টম। পরে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সহযোগী সংগঠন হিসেবে জাতীয় ছাত্রশক্তির যাত্রা শুরু হলে তিনি সংগঠনটির সিনিয়র যুগ্ম সদস্য সচিব হন।

অন্যদিকে, ঢাকা মহানগর দক্ষিণের সাধারণ সম্পাদক ইমরান ভূঁইয়া তাসকিন জুলাই গণ-অভ্যুত্থানের সময় যাত্রাবাড়ী-ডেমরা এলাকায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক হিসেবে নেতৃত্ব দেন।